

Handwritten signatures and dates in Bengali script.



सत्यमेव जयते  
भारतीय हाई कमिशन  
ঢাকা

সংবাদ বিজ্ঞপ্তি

ভারতে অধ্যয়নের জন্য আইসিসিআর বৃত্তি (২০১৯-২০)

ভারতীয় হাই কমিশন, ঢাকা জনসাধারণের অবগতির জন্য ২০১৯-২০ শিক্ষাবর্ষের জন্য ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন্স (আইসিসিআর) শিক্ষাবৃত্তি ঘোষণা করছে। একমাত্র চিকিৎসাশাস্ত্র ছাড়া অন্য সব বিষয়ে স্নাতক, স্নাতকোত্তর এবং পিএইচডি পর্যায়ে পড়াশোনা করার জন্য মেধাবী বাংলাদেশী নাগরিকদের এই শিক্ষাবৃত্তি দেয়া হয়ে থাকে। ভারত সরকার এ পর্যন্ত প্রায় ৩৫০০ এর বেশি বাংলাদেশী নাগরিককে আইসিসিআর শিক্ষাবৃত্তি দিয়েছে।

২. বৃত্তি পেতে ইচ্ছুক প্রার্থীদের ইংরেজি ভাষায় দক্ষ হতে হবে এবং পাশকৃত পরীক্ষায় ন্যূনতম ৬০ শতাংশ নম্বর অথবা জিপিএ ৫ এর মধ্যে ৩/জিপিএ ৪ এর মধ্যে ২.৫০ থাকতে হবে। আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে আবেদন করার জন্য আইসিসিআর একটি বিশেষ পোর্টাল (<http://a2ascholarships.iccr.gov.in/home>) তৈরি করেছে, যেখানে শিক্ষার্থীদের নিজেদের ব্যক্তিগত লগইন আইডি ও পাসওয়ার্ড তৈরি করে নিতে হবে। আবেদনকারীদের নির্দেশনাগুলো সতর্কতার সাথে পড়ে অনলাইনে আবেদন করতে অনুরোধ করা হচ্ছে। অনলাইনে আবেদনের সময় আবেদনকারীকে নিম্নোক্ত বিষয়গুলো লক্ষ্য রাখতে হবে:

- ক) যারা BE/B Tech. কোর্সের জন্য আবেদন করবেন তাদের স্কুল-কলেজের পাঠ্যসূচীতে অবশ্যই পদার্থবিদ্যা, গণিত ও রসায়ন অন্তর্ভুক্ত থাকতে হবে।
- খ) আবেদনকারীর বয়স অবশ্যই জুলাই ২০১৯ এর মধ্যে ১৮ হতে হবে।
- গ) আইসিসিআর এর নিয়ম অনুসারে, সব শিক্ষার্থীকে হোস্টেলে থাকতে হবে। এমনকি পারিবারিক ও স্বাস্থ্যসংক্রান্ত কারণেও বাইরে থাকার অনুমতি দেয়া হবে না।
- ঘ) শিক্ষার্থীদের শুধু একবার আবেদন করতে পরামর্শ দেয়া হচ্ছে। কোন শিক্ষার্থী একাধিকবার আবেদন করলে তার আবেদন সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।

- ৩) এম. ফিল/ডক্টরাল/পোস্ট-ডক্টরাল কোর্সের জন্য আবেদনকারীদের আবেদনপত্রের সাথে গবেষণার সারাংশ জমা দিতে হবে।
- ৪) শিল্পকলা/চাককলা বিষয়ে আবেদনকারীদের আবেদন করার সময় তাদের শিল্পকর্মের সর্বশেষ ভিডিও, অডিও, ইউটিউব লিঙ্ক বা পোর্টফোলিও আপলোড করতে হবে।
- ৫) আবেদনকারীদের তাদের একটি রঙিন ছবি (মুখের সম্মুখভাগের, চশমাছাড়া) আপলোড করতে হবে।
- ৬) অনলাইনে (<http://a2scholarships.iccr.gov.in/home>) আবেদন জমা দেয়ার শেষ সময় ০৮ ফেব্রুয়ারি ২০১৯, শুক্রবার, বিকেল ৫.০০টা পর্যন্ত।
- ৭) যোগ্য প্রার্থীদের ৩০ মিনিটের ইংরেজিতে দক্ষতা যাচাইয়ে অংশ নিতে হবে যার সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।
- ৮) বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক শিক্ষা শাখা, ভারতীয় হাই কমিশন, পুট নং: ১-৩, পার্ক রোড, বারিধারা, ঢাকা; ফোন- ৫৫০৬৭৩০১-৫৫০৬৭৩০৮ এক্সটেনশন- ১০৯৬/১১১২; ই-মেইল: [edu1.dhaka@mea.gov.in](mailto:edu1.dhaka@mea.gov.in) এই ঠিকানায় যোগাযোগ করুন।

ঢাকা

১৭ জানুয়ারি ২০১৯

\*\*\*